



**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 30 May 2026**

**TIME: 7:35 AM**

---

---

সুপ্রীম কোর্ট সমগ্র দেশের হাইকোর্টগুলিকে বিভিন্ন মামলার কোন রায় সংরক্ষিত রাখার তিন মাসের মধ্যে রায় ঘোষণা করার নির্দেশ দিয়েছে। রায়দান প্রক্রিয়া বিলম্বিত হলে বিবাদীদের অপূরণীয় ক্ষতি হওয়ার প্রতি লক্ষ্য রেখে সর্বোচ্চ ন্যায়ালয় এই নির্দেশ দিয়েছে। ব্যক্তিগত সিদ্ধান্ত গ্রহণ করার প্রয়োজনীয়তার ওপর আলোকপাত করে মুখ্য বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচিকে নিয়ে গঠিত ডিভিশন ব্যাঞ্চ বলেছে যে জামিন আবেদনের নির্দেশ আবেদন দাখিল করার দিনেই গৃহিত হওয়া উচিত তবে যদি কোন বিশেষ কারণে তা স্থগিত রাখতে হয় তবে এর পর দিনই সেই নির্দেশ ঘোষণা করতে হবে। শীর্ষ আদালত গতকাল আরো কয়েকটি নির্দেশনা জারী করে বলেছে যে জামিন অথবা শাস্তির

আদেশ ঘোষণা হওয়ার সঙ্গে সঙ্গে কারাগার কর্তৃপক্ষকে অবগত করতে হবে ।

---

---

গৌহাটি হাইকোর্ট শিল্পী জুবিন গার্গ মৃত্যু মামলায় অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন আবেদন নাকচ করেছে । বাক্সা জেলা কারাগারে বন্দি থাকা অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন আবেদন সম্পর্কে গত কয়েকদিন থেকে বেশ কয়েকটি শুনানী অনুষ্ঠিত হয় । শুনানীকালে প্রবীন আইনজীবী প্রাণ বরা অভিযুক্তের সপক্ষে যুক্তি প্রদর্শন করার বিপরিতে রাজ্যসরকারের পক্ষে মহাধিবক্তা দেবজিৎ শইকীয়া এর বিরোধীতা করেন । উভয় পক্ষের যুক্তি শুনার পর আদালত গতকাল শ্যামকানু মহন্তের জামিন আবেদন নাকচ করে । এর আগে ফাষ্টট্র্যাক আদালতেও শ্যামকানু মহন্তের জামিন আবেদন অগ্রাহ্য করা হয়েছিল । অন্যদিকে , বিচারপতি শর্মিলা ভূইয়ার ফাষ্টট্র্যাক আদালতেও জুবিন গার্গ মৃত্যু মামলার অভিযুক্ত শেখরজ্যোতি গোস্বামীর জামিন আবেদন নাকচ করা হয়েছে । অন্য ৪ জন অভিযুক্ত অমৃতপ্রভা মহন্ত , সন্দীপন গার্গ, পরেশ বৈশ্য এবং নন্দেশ্বর বরার জামিন আবেদনের শুনানীও গতকাল ফাষ্টট্র্যাক আদালতে সম্পন্ন করা হয় । আগামী ৮ জুন এই ৪ জন অভিযুক্তের জামিন আবেদনের পুনরায় শুনানী গ্রহণ করা হবে ।

---

---

রাজ্যে আগামী দোসরা আগষ্ট থেকে দুটি পর্যায়ে লোক গণনা আরম্ভ হবে । ১৭ আগষ্ট থেকে গণনাকারী আধিকারিকরা ঘরে ঘরে গিয়ে

লোক গণনা করবেন । এই প্রক্রিয়া আগামী ১৫ সেপ্টেম্বর পর্যন্ত চলবে । সমগ্র প্রক্রিয়ার জন্য ৮৫ হাজার গণনাকারী আধিকারীককে নিযুক্ত করা হয়েছে । রাজ্যের বিভিন্ন জেলায় ২০২৭ এর প্রথম পর্যায়ের গৃহ তালিকা এবং গৃহ গণনা সম্পর্কে প্রশিক্ষণ পর্ব শুরু করা হয়েছে । লোকগণনার প্রতি লক্ষ্যে রেখে এই দায়িত্বে নিয়োজিত আধিকারিক ও কর্মচারীদের বদলির ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব থেকে এই সম্পর্কে একটি পত্র ইতিমধ্যেই রাজ্য সরকার লাভ করেছে বলে রাজ্য কর্মচারী বিভাগের উপ-সচিব মুন্নি শইকীয়া জানিয়েছেন । এদিকে ইতিমধ্যেই এই সম্পর্কে সাধারণ প্রশাসন বিভাগের সচিব এবং সব জেলা আয়ুক্তদের এই পত্র প্রেরণ করা হয়েছে । এই পত্রে লোক গণনার কাজে নিয়োজিত আধিকারিক ও কর্মচারীদের বদলির ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারী করার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদান করা হয়েছে । শিলচর সহ তামুলপুর , ধেমাজি এবং মরিগাও জেলায় গত বৃহস্পতিবার থেকে প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে ।

---

মণিপুরে গতকাল দুর্ভাগ্যবশতকারীদের গুলিতে এক ট্রাক চালকের মৃত্যু হয়েছে । মণিপুরের উখরুল জেলায় গতকাল সন্দেহভাজন কুকি উগ্রপন্থীরা জাতীয় নিত্য প্রয়োজনীয় সামগ্রী বহনকারী ট্রাকের কনভয়ের উপর নির্বিচারে গুলি চালালে ঘটনাস্থলে একজন ট্রাক চালকের মৃত্যু হয় । এই ঘটনায় একজন পুলিশ কর্মী আহত হয়েছেন বলে জানা গেছে ।

---

---

হাইলাকান্দি জেলা প্রশাসন জেলায় শান্তিপূর্ণভাবে এবং নিরাপদে মহরম পালন করতে কঠোর নির্দেশ জারি করেছে। গতকাল জেলা আয়ুক্তের সম্মেলন কক্ষে জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে মহরম উদযাপন কমিটির প্রতিনিধিদের সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে পুলিশ সুপার অমিতাভ সিনহা স্পষ্টভাবে জানান যে এ বছর মহরমের তাজিয়ায় কোনধরনের অস্ত্র প্রদর্শন করা যাবে না। তলোয়ার, দা বা অন্যান্য ধারালো অস্ত্র নিয়ে কেউ তাজিয়া বা মিছিলে অংশগ্রহণ করতে পারবে না। বৈঠকে মহরমে ঐতিহ্যগত ভাবে প্রদর্শন করা লাঠির দৈর্ঘ্যও সীমিত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বৈঠকে জেলা আয়ুক্ত বলেন যে মহরমের ধর্মীয় গুরুত্ব অক্ষুণ্ন রেখে উৎসবকে শান্তিপূর্ণ ও নিরাপদ পরিবেশে সম্পন্ন করার জন্য প্রশাসন সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করবে। আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখতে সমগ্র জেলায় কঠোর নজরদারী থাকবে বলেও সভায় জানানো হয়। উল্লেখ্য আগামী ২৬ শে জুন সমগ্র দেশের সঙ্গে হাইলাকান্দি জেলায়ও মহরম পালিত হবে।

---

---

বরাক ভ্যালী হোমিওপ্যাথিক ডেভোলাপমেন্ট এসোসিয়েশনের উদ্যোগে আগামী রবিবার শিলচরের ডক্টর বি আর আশ্বেদকর স্মৃতি গ্রন্থাগার ভবনে সকাল সাড়ে ১১টায় হ্যানিম্যান ও রবীন্দ্র জয়ন্তী উদযাপন করা হবে । এ উপলক্ষ্যে এদিন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থকে মরোনোত্তর হ্যানিম্যান পুরস্কার ও বিশিষ্ট কবি-সাহিত্যিক কস্তুরী হোম চৌধুরী-কে হ্যানিম্যান পুরস্কার প্রদান করা হবে ।

---

---

শ্রীভূমি শহরের বিভিন্ন এলাকায় জমা জল ও ভাঙ্গা সড়ক সংস্কারের দাবী জানিয়ে আজ শহরের বিপিন চন্দ্র পাল স্মৃতিভবনে একটি নাগরিক সভা অনুষ্ঠিত হয়েছে । নাগরিক সভায় সড়কের বেহাল অবস্থা , নিকাশি ব্যবস্থার দুর্বলতা এবং বর্ষাকালে জমা জলের কারণে জনদুর্ভোগ নিয়ে বিভিন্ন বক্তা আলোচনা করেন । সভায় বিধায়ক জাকারিয়া আহমেদ , শ্রীভূমি জেলার সভাপতি সঞ্জীব বণিক , প্রবীন সমাজকর্মী সতু রায় প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

---